অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ঐতিহাসিক বিনিয়োগের মধ্যে, গভর্নর হোকল অ্যাশলে ওয়াল্ডেনকে অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষের পরবর্তী প্রেসিডেন্ট এবং CEO হিসেবে ঘোষণা করেছেন

মাইক প্র্যাট চাকরি জীবনে 38 বছর কাটিয়ে অবসরে যাবেন

গভর্নর ক্যাথি হোকল আজ অ্যাশলে ওয়াল্ডেনকে নিউ ইয়র্ক স্টেট অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষের পরবর্তী প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা (Chief Executive Officer, CEO) হিসেবে স্বাগত জানিয়েছেন। তিনি মাইক প্র্যাটের স্থলাভিষিক্ত হন যিনি সংস্থার সাথে 38 বছরেরও বেশি সময় পার করে অবসর যাচ্ছেন। অলিম্পিক কর্তৃপক্ষের পরিচালকগণ কয়েক মাসের আলোচনার পর মিসেস ওয়াল্ডেনকে নিয়োগের পক্ষে ভোট দিয়েছেন।

"অ্যাশলে ওয়াল্ডেনকে অভিনন্দন যিনি অলিম্পিক আঞ্চলিক উন্নয়ন কর্তৃপক্ষের নিকট নিবেদন, নেতৃত্ব এবং অপরিসীম ক্রীড়া জ্ঞান বয়ে নিয়ে আসেন," **গভর্নর হোকল বলেন।** "আমি মাইক প্র্যাটকে তার 38 বছরের অলিম্পিক কর্তৃপক্ষের প্রতি নিবেদন ও নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই যা অলিম্পিক কর্তৃপক্ষের ইতিহাসে সর্বোচ্চ পর্যায়ের মধ্যে রয়েছে। আমাদের অলিম্পিক ফ্যাসিলিটিগুলোতে স্টেটের সাম্প্রতিক প্রজন্মের বিনিয়োগ এবং সফল FISU 2023 ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের উপর ভিত্তি করে, নিউ ইয়র্ক স্টেটে শীতকালীন ক্রীড়া মহাযজ্ঞের ভবিষ্যত উজ্জ্বল।"

ওয়াল্ডেন সাম্প্রতিক ক্রীড়া নেতৃত্বের ভূমিকায় স্থলাভিষিক্ত হওয়ার আগে অলিম্পিক এবং বিশ্বকাপ পর্যায়ে USA লুজ ক্ষেত্রে একজন সফল ক্রীড়াবিদ ছিলেন। তিনি অ্যাডিরনড্যাক স্পোর্টস কাউন্সিল (Adirondack Sports Council)-এর নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার পর অলিম্পিক কর্তৃপক্ষের সাথে যোগদান করেন, যেখানে তিনি এই অঞ্চলে খেলাধুলা ও অ্যাথলেটিক উন্নয়নে কাজ করেন। ওয়াল্ডেন 2023 সালের শীতকালীন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের আয়োজন করেছে যা একটি মাল্টি-স্পোর্ট কলেজিয়েট ইভেন্ট যাতে 50টিরও বেশি দেশ এবং প্রায় 600টি ইউনিভার্সিটি অংশগ্রহণ করছে। এর আগে, USA ববস্লেড অ্যান্ড স্কেলেটনের স্পোর্ট অ্যান্ড অপারেশনস ডিরেক্টর হিসেবে, ওয়াল্ডেন ক্রীড়াবিদদের উন্নতি ও শীর্ষ পর্যায়ের পারফরম্যান্সকে সমর্থনে উভয় খেলার জন্য নিয়োগ ও উন্নয়ন প্রচেষ্টার নেতৃত্ব দেন।

অলিম্পিক কর্তৃপক্ষ বোর্ডের চেয়ারম্যান জো মার্টেনস বলেন, "প্রথমে অ্যাথলিট হিসেবে এবং এখন একজন নির্বাহী হিসেবে অ্যাশলির কৃতিত্ব সমান্তরালভাবে চলে। তিনি উচ্চাভিলাষী লক্ষ্য নির্ধারণ করেন, প্রতিবন্ধকতাগুলো কাটিয়ে ওঠেন এবং অন্যদেরকে তাদের সর্বোচ্চ চূড়ায় পৌঁছাতে অনুপ্রাণিত করেন। মাইক প্র্যাটের পদাঙ্ক অনুসরণ করে অলিম্পিক কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং CEO হিসেবে তিনি তা পালন করতে পারবেন এতে আমার কোনো সন্দেহ নেই।"

মাইক প্র্যাট 2017 সালের ফেব্রুয়ারি থেকে অলিম্পিক কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং CEO। তার দায়িত্ব পালনকালে, নিউ ইয়র্ক অলিম্পিক কর্তৃপক্ষ ফ্যাসিলিটিগুলোতে 600 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যাতে নিউ ইয়র্ক স্টেটকে একটি বৈশ্বিক শীতকালীন ক্রীড়া গন্তব্য হিসেবে পুনঃপ্রতিষ্ঠা করা যায়। প্রধান রূপান্তর এবং আধুনিকীকরণগুলো স্থায়িত্ব ও আর্থিক দায়দায়িত্বের উপর দৃষ্টি নিবদ্ধ করে সম্পাদিত হয়েছিল। ভেন্যুগুলোর মধ্যে রয়েছে মাউন্ট ভ্যান হোভেনবার্গ, অলিম্পিক সেন্টার, অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স এবং অলিম্পিক কর্তৃপক্ষের তিনটি স্কি এলাকা, বেলেআইরি মাউন্টেন, গোরি মাউন্টেন এবং হোয়াইটফেস মাউন্টেন। ফ্যাসিলিটিগুলো সারা বছরের ইভেন্ট, ক্রীড়াবিদের প্রশিক্ষণ এবং বিনোদনের জন্য খোলা থাকবে, সেই সাথে বিশ্বমানের অভিজ্ঞতা ও প্রতিযোগিতা নিশ্চিত করে যাবে। অ্যাডিরনড্যাকস এবং ক্যাটস্কিলের ছয়টি ভেন্যু ছাড়াও, অলিম্পিক কর্তৃপক্ষ লেক প্লাসিড অলিম্পিক মিউজিয়াম এবং লেক প্ল্যাসিড কনফারেন্স সেন্টার পরিচালনা করে থাকে। সংস্থাটি U.S. অলিম্পিক এবং প্যারালিম্পিক ট্রেনিং সেন্টার, U.S. লুজ অ্যাসোসিয়েশন ফ্যাসিলিটি এবং অলিম্পিক কর্তৃপক্ষের কর্পোরেট অফিসগুলোর মালিক যার সবই লেক প্লাসিডে অবস্থিত।

গত শীতকালে, নিউ ইয়র্ক 68.5 মিলিয়ন ভিজিটরকে স্বাগত জানিয়েছে যা ভিজিটরদের সরাসরি খরচের মাধ্যমে 16.1 বিলিয়ন মার্কিন ডলার অর্থ নিয়ে এসেছে। অলিম্পিক কর্তৃপক্ষ 2022/2023 অর্থবছরে ভেন্যুতে এক মিলিয়ন ভিজিট অতিক্রম করেছে; এতে সিজন পাস এবং অপারেশনাল আয়ের রেকর্ড-ব্রেকিং বৃদ্ধির পাশাপাশি অলিম্পিক কর্তৃপক্ষের ব্যবসায়িক বিভাগ ও বছরব্যাপী কার্যক্রমের বর্ধিত পরিধি অন্তর্ভুক্ত রয়েছে। ট্যুরিজম ইকোনমিক্স রিপোর্ট করেছে যে অলিম্পিক কর্তৃপক্ষ 2022/2023 অর্থবছরে নিউ ইয়র্ক স্টেটের জন্য 341.8 মিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক প্রভাব নিশ্চিত করেছে যা 2016/2017 সালে রিপোর্ট করা 156 মিলিয়ন মার্কিন ডলার থেকে 119 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

অলিম্পিক অথরিটি বোর্ড অব ডিরেক্টরস ওয়াল্ডেনকে এমন একজন নেতা হিসেবে খুঁজে পেয়েছে যিনি অলিম্পিক কর্তৃপক্ষের অর্থনৈতিক সাফল্যের উপর ভিত্তি করে গড়ে তুলবেন এবং নিউ ইয়র্ক স্টেটের যে ভেন্যুতে বিনিয়োগ করা হয়েছে তার সুবিধা বজায় রাখবেন। গভর্নর হোকলের 2023/2024 নির্বাহী বাজেটে অলিম্পিক কর্তৃপক্ষের ভেন্যু এবং ফ্যাসিলিটিগুলোর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ চালিয়ে যাওয়ার জন্য 92.5 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের অবদান রয়েছে।

অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল অলিম্পিক উইন্টার স্পোর্ট ফেডারেশনের সভাপতি আইভো ফেরিয়ানি বলেন, "অ্যাশলে ওয়াল্ডেনের মাধ্যমে অলিম্পিক কর্তৃপক্ষে একজন নিবেদিত নতুন CEO থাকবে। অলিম্পিক কর্তৃপক্ষের মতো একটি গুরুত্বপূর্ণ সংস্থার

নেতৃত্ব দেওয়ার জন্য তার পরিপূর্ণ দক্ষতা রয়েছে। আমি অত্যন্ত গর্বিত যে তাকে একজন স্লাইডিং অ্যাথলিট থেকে একজন ক্রীড়া এবং ব্যবসায়িক নেতা হয়ে উঠতে দেখেছি।"

US অলিম্পিক এবং প্যারালিম্পিক কমিটির ভিপি অলিম্পিক হাই পারফরম্যান্স কেলি স্কিনার বলেন, "আমি অ্যাশলেকে অভিনন্দন জানাতে পেরে রোমাঞ্চিত এবং অলিম্পিক কর্তৃপক্ষের CEO হিসেবে তার সাথে কাজ করতে পেরে উচ্ছ্বসিত। প্রতিযোগিতামূলক খেলাধুলা এবং ক্রীড়া প্রশাসনে তার বিশাল অভিজ্ঞতা এই অঞ্চল এবং বর্তমান ও ভবিষ্যত প্রজন্ম - যারা সেখানে বাস করে এবং প্রশিক্ষণ দেয় এমন সকল ক্রীড়াবিদদের জন্য দুর্দান্ত হবে। লেক প্ল্যাসিডের ভেন্যুগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য মাইক প্র্যাটকেও ধন্যবাদ। তিনি ক্রীড়াবিদ ও কমিউনিটির সেবা করার ক্ষেত্রে উত্তরাধিকার রেখে গেছেন যা অ্যাশলেকে দুর্দান্ত সাফল্য অর্জনের জন্য নির্বাচিত করেছে।"

স্টেট সিনেটর ড্যান স্টেক বলেন, "মাইক প্র্যাট 38 বছর ধরে অলিম্পিক কর্তৃপক্ষের প্রতিনিধিত্ব করেছেন এবং আমি তাকে তার সফল অবসরের জন্য অভিনন্দন জানাই। তাকে অনুসরণ করার জন্য একজন দক্ষ, অত্যন্ত নিবেদিতপ্রাণ ব্যক্তির প্রয়োজন, এক্ষেত্রে অ্যাশলে ওয়াল্ডেন তার উত্তরসূরি হবেন ভেবেই আমি উচ্ছ্বসিত। তিনি অ্যাডিরনড্যাক স্পোর্টস কাউন্সিল (Adirondack Sports Council)-এর নির্বাহী পরিচালক হিসেবে একটি চমৎকার কাজ করেছেন এবং একজন অলিম্পিক অ্যাথলিট হিসেবে তার অভিজ্ঞতা তাকে অলিম্পিক কর্তৃপক্ষের নতুন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা (Chief Executive Officer, CEO) হওয়ার জন্য দ্ব্যর্থহীনভাবে যোগ্য করে তুলেছে। এই নিয়োগের জন্য আমি তাকে অভিনন্দন জানাই এবং আমাদের অঞ্চলের অলিম্পিক ফ্যাসিলিটিগুলো ব্যবহার করা ও আমাদের কমিউনিটির একটি গুরুত্বপূর্ণ অংশ নিশ্চিত করতে তার সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

অ্যাসেম্বলিমেম্বার বিলি জোন্স বলেন, "অলিম্পিক কর্তৃপক্ষের CEO এবং প্রেসিডেন্ট হিসেবে অ্যাশলে ওয়াল্ডেনকে তার নতুন পদে স্বাগতম। তিনি FISU ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসকে অ্যাডিরনড্যাক্সে নিয়ে আসার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন এবং একজন কর্মচারী ও একজন আমেরিকান লুগার হিসেবে তার সময়গুলো অলিম্পিক কর্তৃপক্ষেরজন্য একটি দুর্দান্ত রিসোর্স হবে এবং আমি একসাথে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ হয়ে আছি।"

নর্থ এলবা টাউনের সুপারভাইজার ডেরেক ডোটি বলেন, "দ্য টাউন অব নর্থ এলবা অ্যাশলে ওয়াল্ডেনকে আন্তরিকভাবে স্বাগত ও অভিনন্দন জানায় কারণ তিনি টাউন ও অলিম্পিক কর্তৃপক্ষের সাফল্যের উত্তরাধিকার অব্যাহত রেখেছেন। আমরা একটি দীর্ঘ অংশিদ্বারিত্বের অপেক্ষায় রয়েছি যা নিউ ইয়র্ক স্টেট ও অ্যাডিরনড্যাকস উভয়ের উপর শীতকালীন খেলাধুলার স্পটলাইট রাখে।"

জনসবার্গ টাউনের সুপারভাইজার মার্ক স্মিথ বলেন "আমরা খুবই ভাগ্যবান যে মাইক প্র্যাটকে গোর মাউন্টেনে এবং তারপরে অলিম্পিক কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পেয়েছি। তিনি সবসময় সর্বোচ্চ করার চেষ্টা করেন এবং নর্থ ক্রিক স্কি বোলে চলমান সংস্কার সহ জনসবার্গ শহরের আঞ্চলিক সাফল্যে ইতিবাচকভাবে অবদান রেখেছেন। এই শীতকালে নর্থ ক্রীকে শীতকালীন ক্রীড়া উৎসাহীদের নিয়ে আসা প্রথম স্নো ট্রেনের 90তম

বার্ষিকী হবে। আমরা নতুন প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাশলি ওয়াল্ডেনের সাথে এই মাইলফলকগুলো উদযাপনের অপেক্ষায় রয়েছি কারণ অলিম্পিক কর্তৃপক্ষ বছরব্যাপী তার অর্থনৈতিক প্রভাবগুলো সম্প্রসারণ করছে।"

শানডাকেন টাউনের সুপারভাইজার পিটার ডিসক্লাফানি বলেন, "শানডাকেন শহর ও সুপারভাইজার অফিসের মাইক মাইক প্র্যাটের সাথে একটি দীর্ঘ ও ভালো সম্মানজনক সম্পর্ক রয়েছে আমরা কৃতজ্ঞতার সাথে এটির প্রশংসা করি এবং অবসরে তাকে শুভ কামনা জানাই; আমরা নিশ্চিত যে এটি অ্যাশলে ওয়াল্ডেনের সাথে অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে একসাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

উইলমিংটন টাউননের সুপারভাইজার রয় হোলজার বলেন, "উইলমিংটন টাউননের সুপারভাইজার হিসেবে, আমি অলিম্পিক কর্তৃপক্ষের প্রধান নির্বাহি কর্মকর্তা হিসেবে অ্যাশলে ওয়াল্ডেনের সাথে তার নতুন ভূমিকায় কাজ করার জন্য অপেক্ষায় রয়েছি এবং মাইক প্র্যাটকে তার অসাধারণ নেতৃত্ব ও দৃষ্টিভঙ্গির জন্য ধন্যবাদ জানই।"

EDC ওয়ারেন কাউন্টির প্রেসিডেন্ট জিম সিপলন বলেন, "আমরা মাইক প্র্যাটকে তার অসাধারণ ক্যারিয়ারের জন্য এবং অলিম্পক কর্তৃপক্ষ নিশ্চিত করার ক্ষেত্রে তার নেতৃত্বের জন্য অভিনন্দন জানাই এবং এর সুবিধাগুলো প্রজন্মের পর প্রজন্ম ধরে আমাদের অঞ্চলিক অ্যাডিরনড্যাক অর্থনীতির একটি মৌলিক অংশ হিসেবে থাকবে। মাইক বছরের পর বছর ধরে আমাদের EDC বোর্ডে একটি শক্তিশালী কণ্ঠস্বর হয়ে উঠেছে এবং আমাদের অঞ্চলের প্রাকৃতিক সম্পদের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি টেকসই অর্থনীতি গড়ে তোলার চলমান কাজের জন্য এতজন অবিচল প্রবক্তা। আমাদের অঞ্চলের অলিম্পিক কর্তৃপক্ষের বিনিয়োগের গর্বিত পণ্য হিসেবে অন্যান্য অভিজ্ঞতা ও দক্ষতার একজন নেতা অ্যাশলেকে তার নতুন ভূমিকায় আমরা আন্তরিকভাবে স্বাগত জানাই। আমরা অলিম্পিক কর্তৃপক্ষ ও অ্যাশলির সাথে একটি উজ্জ্বল ভবিষ্যতের অপেক্ষায় রয়েছি কারণ আমরা অন্যান্য অঞ্চলের সবার জন্য কাজ করে একন একটি কমিউনিটি ও অর্থনীতি তৈরি করতে একসাথে কাজ করি।"

লেক প্লাসিড ভিলেজের মেয়র আর্ট ডেভলিন বলেন, "যেমনটি আমরা এইমাত্র প্রত্যক্ষ করেছি, অ্যাশলির অন্যতম শক্তি হলো অন্যদের সাথে কাজ করতে সক্ষম হওয়া এবং কাজটি সম্পন্ন করার জন্য একটি দল গঠন করা যা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের সাফল্য প্রমাণ করেছে। অলিম্পিক অঞ্চলের অফার করা সকল পুঁজি ব্যবহার করে, আমি অলিম্পিক কর্তৃপক্ষে অ্যাশলিকে এই কাজ করতে দেখার অপেক্ষায় রয়েছি। যদিও ভিলেজটি অ্যাশলির সাথে কাজ করার জন্য অপেক্ষায় রয়েছে, এটি মর্মস্পর্শী কারণ আমরা মাইক প্র্যাটকে হারাবো। মাইক তার সকল অভিজ্ঞতা গ্রহণ করে এবং তার অধীনে থাকা লোকদের কথা শোনার জন্য অলিম্পিক ভেন্যুগুলো পুনর্নির্মাণ ও সংস্কারের জন্য চমৎকার কাজ করেছে যা নিঃসন্দেহে বিশ্বের সেরাগুলোর মধ্যে রয়েছে। আমার ও লোক প্লাসিড ভিলেজের পক্ষ থেকে আমরা মাইককে তার অবসরের জন্য ও অ্যাশলিকে তার নতুন প্রচেষ্টার জন্য শুভ কামনা জানাই।"

কোয়ালিশনের সহ-সভাপতি বেলিয়ার অ্যানেলা হোয়াইট-ডিগনেস বলেন, "জেট ফর বেলিয়ার প্রথমে ORDA-তে তার অসাধারণ অর্জনের জন্য মাইক প্র্যাটকে ধন্যবাদ জানাবে এবং

অবসরে তার শুভ কামনা করবে। আমরা ORDA ও বেলিয়ার মাউন্টেনে নতুন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাশলে ওয়াল্ডেনকে স্বাগত জানাতে অপেক্ষায় রয়েছি। ক্যাটস্কিলস ও নিউ ইয়র্ক স্টেট জুড়ে অলিম্পিক কর্তৃপক্ষের ইতিবাচক অর্থনৈতিক প্রভাব অবিরত বৃদ্ধি করতে আমরা তার সাথে দলবদ্ধ হতে পেরে আনন্দিত। অলিম্পিক চেতনাকে নিউ ইয়র্ক স্টেটে নেতৃত্ব দিতে এবং বৃদ্ধি করতে একজন অলিম্পিয়ানের চেয়ে ভালো কে হতে পারে।"

অলিম্পিক অথরিটির পরিচিতি
1982 সালে প্রতিষ্ঠিত, নিউ ইয়র্ক স্টেট অলিম্পিক রিজিওনাল ডেভেলপমেন্ট অথরিটি (অলিম্পিক অথরিটি) লেক প্লাসিডে 1980 সালের অলিম্পিক শীতকালীন গেমসের সময় ব্যবহৃত স্থাপনাগুলো পরিচালনা করার জন্য নিউ ইয়র্ক স্টেট কর্তৃক তৈরি করা হয়েছিল। অলিম্পিক অথরিটি হোয়াইটফেস, বেলেয়ার এবং গোর মাউন্টেন, মাউন্ট ভ্যান হোভেনবার্গ, জেমস সি. শেফিল্ড স্পীড স্কেটিং ওভাল, অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স, অলিম্পিক সেন্টার পরিচালনা করে। আন্তর্জাতিক, জাতীয়, আঞ্চলিক এবং স্থানীয় ইভেন্টগুলোর আয়োজক হিসাবে, অলিম্পিক কর্তৃপক্ষের ভেন্যুগুলো গন্তব্যস্থল এবং অঞ্চলগুলোর অর্থনৈতিক অনুঘটক।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন